



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এডিনিউ,
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.১৭২.৩৭.০০২.২৪.৬৫

২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৭ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

- ১। স্বত্বাধিকারী, মোঃ তরিকুল ইসলাম (রুবেল), মেসার্স বনফুল কনস্ট্রাকশন কোং (ঠিকাদার সংকেত নং - ১.১/১৯৫), ঠিকানাঃ ক-৩/১, শাহজাদপুর, গুলশান, ঢাকা এবং
- ২। স্বত্বাধিকারী, মোঃ সামসুল হক মিজি, মেসার্স বনফুল কনস্ট্রাকশন কোং (ঠিকাদার সংকেত নং - ১.১/১৯৫), ঠিকানাঃ ক-৩/১, শাহজাদপুর, গুলশান, ঢাকা।

বিষয়: কোম্পানীর তালিকাভুক্ত ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বনফুল কনস্ট্রাকশন কোং (ঠিকাদার সংকেত নং - ১.১/১৯৫) এর তালিকাভুক্তি বাতিলপূর্বক কালোতালিকাভুক্তকরণ প্রসঙ্গে।

জনাব/মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রশাসন বিভাগ হতে সূত্র নং ২৮.১৩.০০০০.০৪৪.২৭.০০১.২২.৮৮৮২৬; তারিখঃ ০১/০৭/২০২৪ খ্রি. অনুযায়ী গত ০৩/০২/২০২০ হতে ০৪/০২/২০২০ তারিখ পর্যন্ত ১২৪৭ টি চুলা অবৈধভাবে কোম্পানীর সার্ভারে এন্ট্রির বিষয়টি তদন্ত কমিটি কর্তৃক ঠিকাদার প্রতিনিধি আব্দুল ওয়াদুদ খান এর বিরুদ্ধে অবৈধ এন্ট্রির কাজে জড়িত থাকার প্রমাণ পাওয়া যায়। ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত আব্দুল ওয়াদুদ খান মেসার্স বনফুল কনস্ট্রাকশন কোং (ঠিকাদার সংকেত নং - ১.১/১৯৫) এর প্রতিনিধি ছিল। আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি আব্দুল ওয়াদুদ খান কর্তৃক এহেন কার্যকলাপ গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৭, ১৪.৮, ১৫.৭, ১৫.১১, এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১.১, ৩.১.৩, ৩.১.৬ ধারার পরিপন্থী।

এমতাবস্থায়, গ্যাস পাইপ লাইন নির্মানকারী ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তি তফসীলের পরিচ্ছেদ-৩ তালিকাভুক্তির বিশেষ শর্তাবলীর ১৪.৭, ১৪.৮, ১৫.৭, ১৫.১১, এবং তফসীলের পরিচ্ছেদ-৪ তালিকাভুক্তি চুক্তির সাধারণ শর্তাবলীর ৩.১.১, ৩.১.৩, ৩.১.৬ ধারা মোতাবেক এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনার ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বনফুল কনস্ট্রাকশন কোং (ঠিকাদার সংকেত নং - ১.১/১৯৫) এর তালিকাভুক্তি বাতিলপূর্বক কালোতালিকাভুক্ত করা হলো। কালো তালিকাভুক্ত থাকা অবস্থায় আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের সকল কার্যক্রম বন্ধ থাকবে।

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

০৭-০৭-২০২৪

প্রকৌ. অজিত চন্দ্র দেব

উপমহাব্যবস্থাপক(মেটাবিবি-৪) ও সদস্য সচিব, ১.১ ও
১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রণ কমিটি।

নম্বর:

২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৭ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল);
- ২। উপমহাব্যবস্থাপক (সকল);
- ৩। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৪। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৫। ব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ৬। উপমহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), সফটওয়্যার বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-কালো তালিকাভুক্তকরনের তথ্যাবলী ওয়েবসাইটে সন্নিবেশ করার অনুরোধসহ এবং
- ৭। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



০৭-০৭-২০২৪
প্রকৌ. অজিত চন্দ্র দেব
উপমহাব্যবস্থাপক